

২০২১

বাংলা - সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-5

[বাংলা সাহিত্যের ইতিহাস (বিংশ শতক)]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় সুভাষ মুখোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) বাংলা নাট্যসাহিত্যে উৎপল দত্তের স্থান নির্ণয় করো। ১০
- ২। (ক) বাংলা উপন্যাসে সতীনাথ ভাদুড়ীর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) সোমেন চন্দ কোন সমাজ প্রেক্ষাপটে গল্প লিখে ছোটগল্পকার হিসাবে শিল্প-সফল হয়েছেন বুঝিয়ে দাও। ১০
- ৩। (ক) বাংলা প্রবন্ধ-সাহিত্যের বিকাশে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) বাংলা সাহিত্যে 'পরিচয়' পত্রিকার গুরুত্ব বিচার করো। ১০
- ৪। (ক) বাংলা কবিতার ধারায় কাজী নজরুল ইসলামের বিশিষ্টতার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
- অথবা,
- (খ) নাটককার হিসাবে তুলসী লাহিড়ীর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ৫
- ৫। (ক) কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জনপ্রিয়তার কারণগুলি চিহ্নিত করো। ৫
- অথবা,
- (খ) ছোটগল্পের শিল্পী হিসেবে পরশুরামের সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৫

Please Turn Over

৬। (ক) গোপাল হালদারের সংস্কৃতি-বিষয়ক প্রবন্ধগুলির পরিচয় দাও।

৫

অথবা,

(খ) বাংলা সাহিত্যে 'কৃষ্ণিবাস' পত্রিকার ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।

৫

৭। যে-কোনো একটি বিষয়ে টীকা লেখো :

৫×১

(ক) মানসী

(খ) গৃহদাহ

(গ) ভারতবর্ষ।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) 'কুহু ও কেকা' কাব্যগ্রন্থের রচয়িতা কে?

(খ) মোহিতলাল মজুমদার রচিত একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(গ) 'হেমন্তের অরণ্যে আমি পোস্টম্যান' কাব্যগ্রন্থটি কার লেখা?

(ঘ) 'স্মৃতি সত্তা ভবিষ্যৎ' — বিষ্ণু দে রচিত কাব্যগ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ঙ) 'নবান্ন' নাটকের পটভূমি কী?

(চ) বাদল সরকারের একটি নাটকের নাম লেখো।

(ছ) মানিক বন্দ্যোপাধ্যায় রচিত 'পুতুল নাচের ইতিকথা' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(জ) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের রচয়িতা কে?

(ঝ) জগদীশ গুপ্ত রচিত একটি গল্পগ্রন্থের নাম লেখো।

(ঞ) 'শানা বাউরির কথকতা' গল্পটি কে লিখেছেন?

(ট) 'বীরবলের হালখাতা' প্রবন্ধগ্রন্থের লেখক কে?

(ঠ) সৈয়দ মুজতবা আলীর 'দেশে বিদেশে' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ড) 'ভারতী' পত্রিকার প্রথম সম্পাদক কে ছিলেন?

(ঢ) 'কালিকলম' পত্রিকার প্রকাশকাল লেখো।

(ণ) 'কবিতা' পত্রিকার সম্পাদকের নাম লেখো।